

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু ও জানাযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মৃতব্যাক্তির শোকে মাতাম করে কান্না করা বৈধ কি?

না। কেউ মারা গেলে ওয়াজেব হল বিধির বিধান মেনে নিয়ে শোক দমন করে ধৈর্যধারণ করা। স্বাভাবিকভাবে চোখ দিয়ে পানি গড়িয়ে যাওয়াও দোষাবহ নয়। দোষাবহ হল মাতাম করে ইনিয়ে বিনিয়ে কান্না করা।

রাসুলুল্লাহ (সঃ) বলেছেন, "লোকের মধ্যে দুটি এমন দোষ রয়েছে, যা আসলে কাফেরদের (আচরণ) বংশে খোটা এবং মৃত ব্যক্তির জন্য মাতাম করা।" ৪৬৯ (মুসলিম)

মহানবী (সঃ) বলেছেন, "মৃত ব্যক্তিকে তার কবরের মধ্যে তার জন্য মাতাম করে কান্না করার দরুন শাস্তি দেওয়া হয়।" ৪৭০ (বুখারী ও মুসলিম)

আবৃ বুরদাহ বলেন, একদা (তার পিতা) আবৃ মূসা আশআরী (রঃ) যন্ত্রণায় কাতর হয়ে অজ্ঞান হয়ে পড়লেন। আর (ঐ সময়) তার মাথা তার স্ত্রীর কলে রাখা ছিল এবং সে চিৎকার করে কান্না করতে লাগল। তিনি (অজ্ঞান থাকার কারণে) তাকে বাঁধা দিত পারলেন না। সুতরাং যখন তিনি চেতনা ফিরে পেলেন, তখন বলে উঠলেন, 'আমি সেই মহিলা থেকে সম্পর্কমুক্ত, যে মহিলা থেকে আল্লাহ্র রাসুল (সঃ) সম্পর্কমুক্ত হয়েছেন। নিঃসন্দেহে আল্লাহ্র রাসুল (সঃ) সেই মহিলার থেকে সম্পর্কমুক্ত হয়েছেন, যে শোকে উচ্চস্বরে মাতম করে কান্না করে, মাথা মুণ্ডন করে এবং কাপড় ছিঁড়ে ফেলে।' ৪৭১ (বুখারী ও মুসলিম)

রাসুলুল্লাহ (সঃ) বলেছেন, " মাতামকারিনী মহিলা যদি মরনের পূর্বে তওবাহ না করে, তাহলে আল-কাতারের পায়জামা এবং পাঁচড়ার জামা পরিহিতা অবস্থায় তাকে কিয়ামতের দিনে দাঁড় করানো হবে।" ৪৭২ (মুসলিম)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=366

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন